

আত্মবিস্মৃতি

□ মণিশঙ্কর চক্রবর্তী

জীবনকে ভালবাসতে শিখেছিলাম
আজ আর এই মন্ত্র মনে নেই
ঝড় বাদলের দিনে নিজেকেই নিজের কাছে
পেয়েছিলাম
তাই বোধহয় নিজের প্রেমে পড়েছিলাম
বুকে আজ সেই প্রেম আর বেঁচে নেই।

আজ ভালবাসা স্নেহ, প্রেম বিমুখ হয়েছে
ওধু মনের কোণে তার পায়ের ছাপ রয়েছে
এ ঘৃণা নয় যা ভালবাসার স্থান নিয়েছে
এ বিষন্নতা যা আজ আসন জুড়েছে

এখন গাঙের জোয়ার করেনা আমাকে ব্যাকুল
কালো মেঘ-সাদা বক করে না আমায় অস্থির
ভেজা ঘাসে পা ফেললেও, বাঁধিনা নতুন গান
পুরনো বঙ্গুর নাম শুনেও হয়না উচটন

যেনো কিছুই আজ নেই বেঁচে, যা ছিল বাঁচার
কারণ
তবুও কি খোঁজে মন, অবিরল সারাক্ষণ
হয়তো দিগন্তে নতুন উষার কিরণ
কিংবা, নিরবে মুছে যাবার কোনো উপকরণ।